


বিএন ওয়েবসাইটে প্রকাশের জন্য সচিত্র প্রতিবেদন - জুলাই ২০২৪

১। **৯ম বেসিক স্কুবা ডাইভিং অফিসার (বিডিও) কোর্স -২০২৪, ডাইভিং সুপারভাইজার (সিডি-১) কোর্স-২০২৪, ডাইভিং ওরিয়েন্টেশন প্রোগ্রাম-২০২৪ (বিএন মেডিক্যাল অফিসার) এবং বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স ২০২৪/এ এর প্রশিক্ষণ কার্যক্রম।** গত জুলাই ২০২৪ মাসে ডাইভিং এন্ড স্যালভেজ স্কুলে ৯ম বেসিক স্কুবা ডাইভিং অফিসার (বিডিও) কোর্স -২০২৪, ডাইভিং সুপারভাইজার (সিডি-১) কোর্স-২০২৪, ডাইভিং ওরিয়েন্টেশন প্রোগ্রাম-২০২৪ (বিএন মেডিক্যাল অফিসার) এবং বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স ২০২৪/এ পরিচালিত হয়েছে। ডুবুরিদের পেশাগত মান উন্নয়নের জন্য প্রশিক্ষণের অংশ হিসেবে শারীরিক প্রশিক্ষণ, এসএসডিএস ডাইভিং, দূরপাল্লা দৌড়, স্কুবা ডাইভিং, সুইমিং ও মাড রান সহ ইত্যাদি প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত কোর্সের ৯ম বেসিক স্কুবা ডাইভিং অফিসার (বিডিও) কোর্স কর্মকর্তা ০৮ জন, ডাইভিং সুপারভাইজার (সিডি-১) কোর্স-২০২৪, ১০ জন, বিএন মেডিক্যাল অফিসার ০১ জন এবং বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স ২০২৪/এ ৩২ জন নাবিক অংশগ্রহণ করে।



চিত্র- ১ (ক): ৯ম বেসিক ডাইভিং অফিসার (বিডিও) কোর্স -২০২৪ এর শারীরিক ও এসএসডিএস ডাইভিং প্রশিক্ষণ।



চিত্র- ১ (খ): বেসিক ডাইভিং এন্ড স্যালভেজ (সিডি-৩) কিউ কোর্স ২০২৪/এ কোর্সের দূরপাল্লা দৌড় এবং স্কুবা ডাইভিং প্রশিক্ষণ।



চিত্র- ১ (গ): ডাইভিং সুপারভাইজর (সিডি-১) কিউ কোর্স-২০২৪ এর Swimming ও Mud Run প্রশিক্ষণ।



চিত্র- ১ (ঘ): ডাইভিং ওরিয়েন্টেশন প্রোগ্রাম-২০২৪ এর স্কুবা ডাইভিং, স্যালভেজ এবং শারীরিক প্রশিক্ষণ।

২। **পতেঙ্গা সমুদ্র সৈকতে সংঘটিত উল্লেখযোগ্য ঘটনা/ দুর্ঘটনা।** গত ২৮ জুলাই ২০২৪ তারিখ জনৈক বেসামরিক ব্যক্তি মোঃ ইউনুস আলী পতেঙ্গা সমুদ্র সৈকতে বেড়াতে এসে দুর্ঘটনাক্রমে পানিতে পড়ে নিখোঁজ হন। ডাইভিং এন্ড স্যালভেজ গ্রুপ হতে ০২ টি সার্চ এন্ড রেসকিউ টিম দ্রুত ঘটনাস্থলে গিয়ে অনুসন্ধান ও উদ্ধার কার্যক্রম পরিচালনা করে। দীর্ঘ ৪ ঘন্টা উদ্ধার অভিযান পরিচালনার পর রাত ২২০৫ ঘটিকায় সার্চ এন্ড রেসকিউ টিম দুর্ঘটনাস্থলের অদূর হতে উক্ত নিখোঁজ ব্যক্তির মরদেহ উদ্ধার করে। ডাইভিং এন্ড স্যালভেজ গ্রুপের রেসকিউ টিম কর্তৃক উক্ত নিখোঁজ ব্যক্তির মরদেহ উদ্ধার করতে পারায় মৃতের স্বজনসহ বেসামরিক ব্যক্তিবর্গ নৌবাহিনীর ভূয়সী প্রশংসা করেন।



চিত্র- ২ঃ ডাইভিং এন্ড স্যালভেজ গ্রুপের সার্চ এন্ড রেসকিউ টিম কর্তৃক পতেঙ্গা সমুদ্র সৈকত থেকে মোঃ ইউনুস আলীর মৃতদেহ পতেঙ্গা থানা পুলিশের নিকট হস্তান্তর।